attitude
is everything

# অ্যাক্সেস স্টার্টস অনলাইন

## ফেস্টিভ্যাল অ্যাক্সেস তথ্য নির্দেশিকা

আন্তর্জাতিক বাংলা সংস্করণ

BRITISH COUNCIL
ARTS COUNCIL ENGLAND
Supported using public funding by ARTS COUNCIL ENGLAND

# অ্যাটিচুড ইজ এভরিথিং সম্পর্কে

অ্যাটিচুড ইজ এভরিথিং হলো যুক্তরাজ্য ভিত্তিক, অক্ষমতা-চালিত একটি দাতব্য সংস্থা যা 2000 সাল থেকে যুক্তরাজ্যের লাইভ মিউজিক শিল্পকে সহায়তা করছে। আমাদের অনেক বধির এবং প্রতিবন্ধী স্বেচ্ছাসেবী গোপন শপ পরিদর্শক আছেন যারা গিগ এবং বহিরঙ্গন অনুষ্ঠানগুলি থেকে তাদের অভিজ্ঞতার প্রতিক্রিয়া জানান, যা আমাদের নির্দেশিকা তথ্যে জানাতে আমরা ব্যবহার করি।

বধির ও প্রতিবন্ধী মানুষদের জন্য তাদেরকে আরো বেশি সহজগম্য হতে সহায়তা করার জন্য আমরা যুক্তরাজ্য জুড়ে প্রচুর অনুষ্ঠান স্থল এবং উৎসবে কাজ করেছি।

তাদের যতটা সম্ভব অন্তর্ভুক্ত হতে সহায়তা করার মাধ্যমে, আমাদের গ্রহণযোগ্য পদ্ধতির সনদ অনুযায়ী আমরা সমস্ত প্রকারের অনুষ্ঠানস্থল ও উৎসবে যোগদান করি।

# অ্যাক্সেস স্টার্টস অনলাইন প্রসঙ্গে

অ্যাক্সেস স্টার্টস অনলাইন প্রচারাভিযানের উদ্দেশ্য হলো সম্ভাব্য বধির এবং প্রতিবন্ধী গ্রাহকদের জন্য সুস্পষ্ট অ্যাক্সেস তথ্য সরবরাহ করতে অনুষ্ঠানস্থল এবং উৎসবগুলিকে অনুমতি দেওয়া।

আমাদের 2016 সালের স্টেট অব অ্যাক্সেস রিপোর্টে দেখা গেছিল যে সমীক্ষাকৃত যুক্তরাজ্যের অনুষ্ঠানস্থল এবং উৎসবগুলির 52% ত্রুটিপূর্ণ তথ্য সরবরাহ করেছে বা আদৌ কিছু দেয়নি এই বিষয়ে তত্ত্বানুসন্ধানের পরেই এই প্রচারাভিযান শুরু হয়েছিল।

2016 সালের স্টেট অব অ্যাক্সেস রিপোর্ট পড়ার জন্য এখানে যান: www.attitudeiseverything.org.uk/soar

এই নির্দেশিকাটি বধির এবং প্রতিবন্ধী দর্শক-শ্রোতাদের জন্য উচ্চমানের তথ্য তৈরিতে উৎসব এবং বহিরঙ্গন অনুষ্ঠানগুলিকে সহায়তা করার জন্য পরিকল্পিত।

আপনার অ্যাক্সেস তথ্য কোথায় রাখবেন

আমরা আপনাকে নির্ধারিত ওয়েবপেজে তথ্য প্রদান করার সুপারিশ করব যা আপনার অনুষ্ঠানের ওয়েবসাইটের প্রথম পৃষ্ঠা থেকে সহজে খুঁজে নেওয়া যায়।

# আপনার অ্যাক্সেস তথ্যের মধ্যে কোন বিষয়গুলি অন্তর্ভুক্ত করবেন

## 1. পরিচিতি

- বধির এবং প্রতিবন্ধী গ্রাহকদের স্বাগত জানাতে উৎসবের পক্ষ থেকে 1-2টি লাইন।

পরিচিতি পাঠটি হলো আপনার উৎসবের নীতিগুলিকে অন্তর্ভুক্ত করার বিষয়টি উত্থাপিত হলে সেগুলি প্রদান করার একটি সুযোগ।

## 2. যোগাযোগের বিস্তারিত বিবরণ

- যোগাযোগের ব্যক্তি হিসাবে একজন মনোনীত ব্যক্তি + তাদের কাজের ভূমিকা অর্থাৎ 'অ্যাক্সেস অফিসার'
- ইমেইল
- ফোন
- ডাকযোগে
- প্রতিক্রিয়ার সময় বরাদ্দ করুন

একজন মনোনীত ব্যক্তিকে প্রদান করার লক্ষ্য রাখুন এবং সেই ব্যক্তিকে সমস্ত অ্যাক্সেস-সম্পর্কিত যোগাযোগের জন্য দায়বদ্ধ করুন। যদি নির্দিষ্ট অ্যাক্সেসের প্রয়োজনীয়তাগুলি নিয়ে আলোচনা করা হয় তাহলে এটি গ্রাহকদের বিশেষভাবে আশ্বস্ত করে এবং গ্রাহক পরিষেবার ধারাবাহিকতা প্রদানে সহায়তা করে। আমরা সুপারিশ করব যেখানে সম্ভব সাধারণ তথ্য@ ঠিকানার পরিবর্তে একটি নির্ধারিত অ্যাক্সেস@ ইমেইল ঠিকানা দিন। যদি কোনো ফোন নম্বর দিতে না পারেন তবে আপনার ফোন করার জন্য গ্রাহকদের একটি নম্বর দিতে বলুন। প্রয়োজনীয় অ্যাক্সেস সুবিধা বুকিংয়ের কোনো প্রমাণ প্রেরণের জন্য একটি চিঠি পাঠানোর ঠিকানা কার্যকর হতে পারে। আমরা মনে করি অ্যাক্সেস-সম্পর্কিত প্রশ্ন আছে এমন গ্রাহকদের 5 কার্যদিবসের মধ্যে উত্তর দেওয়া উচিত।

## 3. সমস্ত অ্যাক্সেস তথ্যের জন্য লিঙ্কটি ডাউনলোড করুন

- ডাউনলোডযোগ্য ওয়ার্ড ফাইলের জন্য একটি লিঙ্ক প্রদান করুন।

এটি প্রকৃতই উপযোগী, বিশেষত সেই সব মানুষদের জন্য যারা দৃষ্টি প্রতিবন্ধকতার কারণে স্ক্রিন রিডার ব্যবহার করেন, কেননা তারা এটি ডাউনলোড করতে পারবেন এবং অ্যাক্সেস তথ্য পৃষ্ঠাতে ফেরত গিয়ে নেভিগেট করতে হবে না।

## 4. সাইটের বিবরণ

- অঞ্চল এবং আবহাওয়ার সম্ভাব্য প্রভাবসহ সাইটের সাধারণ বিবরণ
- পথে গাড়ি দাঁড় করার মতো স্থান থাকলে (বা না থাকলে) সেটি বর্ণনা করুন
- স্টেজের সংখ্যা / পারফরম্যান্সের অবস্থানের বর্ণনা দিন।
- অ্যাক্সেসযোগ্য ক্যাম্পসাইট থেকে সমস্ত প্রধান স্টেজ পর্যন্ত দূরত্ব
- যেখানে প্রযোজ্য দিনের গ্রাহক পার্কিং থেকে দূরত্ব
- গ্রাহকদের জন্য সাইটের আড়াআড়ি A পয়েন্ট থেকে B পয়েন্ট পর্যন্ত সর্বাধিক দূরত্ব অর্থাৎ সাইটের বিপরীত প্রান্তে দুটি স্টেজ।

এই তথ্যটি সম্ভাব্য গ্রাহকদের টিকিট কেনা এবং তাদের উপস্থিত থাকার পরিকল্পনা করার বিষয়ে জ্ঞাত সিদ্ধান্ত নিতে পারার জন্য প্রয়োজনীয় - উদাহরণস্বরূপ, যেকোনো চলাচল-সম্পর্কিত সরঞ্জামের বিষয়ে যা তাদের প্রয়োজন হতে পারে। এটি ঠিকঠাক কাজ করলে উৎসবের আগে সরাসরি গ্রাহকের জিজ্ঞাসাবাদের সংখ্যা কমতে পারে।

## 5. বুকিং যোগ্য অ্যাক্সেসের সুবিধাসমূহ

- ব্যক্তিগত সহায়তাকারীদের জন্য বিনামূল্যে টিকিট।
  - স্কিমের বর্ণনা।

প্রতিবন্ধী ব্যক্তি যাতে ব্যক্তিগত সহায়তাকারী / সহায়তা কর্মী আনতে পারেন সেই জন্য বিনামূল্যে টিকিট প্রদান করা যুক্তিসম্মত সামঞ্জস্যতার একটি ধরন যা কোনো প্রতিবন্ধকতা বা দীর্ঘমেয়াদী রোগাবস্থায় আক্রান্ত মানুষ, যাদের সহায়তা প্রয়োজন তাদেরকে আপনার উৎসবে যোগ দিতে সক্ষম করে তোলে। সহায়তার অনুরোধের জন্য প্রমাণ চাওয়া আপনার পক্ষে যুক্তিসঙ্গত।

- প্ল্যাটফর্ম / স্থানসমূহ (প্রযোজ্য হলে) দেখার জন্য অ্যাক্সেস
  - সমস্ত দেখার প্ল্যাটফর্মের অবস্থানগুলির বর্ণনা দিন
  - অনুমোদন পদ্ধতির বর্ণনা দিন
  - স্টুয়ার্ডিং পদ্ধতির বর্ণনা দিন
  - দেখার প্ল্যাটফর্মগুলিতে টয়লেট থাকলে তা গ্রাহকদের জানান

  - আপনি যদি দেখার প্ল্যাটফর্ম বা স্থানগুলির অনুমোদন না পেয়ে থাকেন কিন্তু সাইটে সেগুলি পেয়ে থাকেন তবে বুকিংযোগ্য সুবিধাগুলি অনুসরণ করে একটি পৃথক বিভাগে সেগুলির বর্ণনা দিন।

আমরা একটি অনুমোদন পদ্ধতির মাধ্যমে একটি 1 + 1 পদ্ধতি প্রয়োগ করার সুপারিশ করি যা প্রতিবন্ধী ব্যক্তিকে দেখার প্ল্যাটফর্মের রিস্টব্যান্ড প্রদান করে এবং প্ল্যাটফর্মে তাদের সঙ্গের ব্যক্তির পক্ষে তাদেরকে সামনে-পিছনে করাকে সহজতর করতে ব্যক্তিগত সহায়তাকারী ল্যানইয়ার্ড প্রদান করে।

- অ্যাক্সেসযোগ্য ক্যাম্পসাইট (যদি প্রযোজ্য হয়)
  - ক্যাম্পসাইট অবস্থানের বর্ণনা দিন
  - লভ্য সুবিধা এবং সহায়তার বর্ণনা দিন
  - ক্যাম্পারভান নীতির বর্ণনা দিন

  - অ্যাক্সেসযোগ্য ক্যাম্পসাইটে বুকিংয়ের প্রয়োজন না হলে বুকিংযোগ্য সুবিধাগুলি অনুসরণ করে একটি পৃথক বিভাগে আপনি এই বিষয়ে যে অফার দিতে পারেন সেটির বর্ণনা দিন।

আমরা সর্বজনীন ক্যাম্পিংয়ের একটি নির্ধারিত অ্যাক্সেসযোগ্য বিভাগ রাখার সুপারিশ করি যা আগমন / প্রস্থান উভয়ের জন্য সবথেকে অ্যাক্সেসযোগ্য স্থান এবং পারফরম্যান্স স্থানগুলিতে অ্যাক্সেস করা যায়।

- অ্যাক্সেসযোগ্য পার্কিং (প্রযোজ্য হলে)
  - অবস্থানের বর্ণনা দিন
  - রিস্টব্যান্ড সংগ্রহ / দিনের প্রবেশের থেকে দূরত্ব
  - অ্যাক্সেসযোগ্য ক্যাম্পসাইট (যদি প্রযোজ্য হয়) থেকে দূরত্ব
  - ক্যাম্পিং থেকে পার্কিং দূরে থাকলে গ্রাহকদের তাদের মালপত্র ড্রপ-অফ করার বিষয়ে জানান

  - অ্যাক্সেসযোগ্য পার্কিং বুক করার প্রয়োজন না হলে, বুকিংযোগ্য সুবিধাগুলি অনুসরণ করে একটি পৃথক বিভাগে দূরত্ব এবং কিভাবে এটি কাজ করবে সেটি বর্ণনা দিন।

আমরা পার্কিংয়ের একটি নির্ধারিত বিভাগ পরিকল্পনা করার সুপারিশ করি যা ক্যাম্পসাইট / রিস্টব্যান্ড সংগ্রহের পয়েন্টের থেকে যতটা সম্ভব কাছে হবে।

## 6. কিভাবে আবেদন করতে হবে

- প্রক্রিয়ার বর্ণনা দিন
- গ্রহণযোগ্য প্রমাণের প্রকারগুলির বর্ণনা দিন (যদি প্রয়োজন হয়)

কিভাবে অফারের সুবিধাগুলির জন্য লোকজন আবেদন করতে পারবেন সেইজন্য একটি প্রক্রিয়া থাকলে তা মসৃণভাবে এবং দ্রুত কাজ করতে দেবে। নিশ্চিত হয়ে নিন যে প্রক্রিয়াটি কী এবং অফারে কী রয়েছে তা সবাই জানে।

## 7. ভ্রমণ নির্দেশিকা

- এই বিষয়ে কোনো প্রাসঙ্গিক তথ্য প্রদান করুন:
  - অ্যাক্সেসযোগ্য পার্কিং (যদি না বুকিং অ্যাক্সেস সুবিধার অন্তর্ভুক্ত হয়)
  - গ্রাহকরা, যারা কোনো অ্যাক্সেসের রিস্টব্যান্ড বিনিময় / অ্যাক্সেসযোগ্য ক্যাম্পসাইটে যাবেন তাদের জন্য ট্যাক্সি ড্রপ-অফ
  - গণ পরিবহন
  - পরিবহণ কেন্দ্রগুলি থেকে শাটল যাতায়াত

যদি আপনার উৎসবে শাটল বাস উপস্থিত থাকে, তবে দেখে নিন সেগুলির কোনোটি অ্যাক্সেসযোগ্য কিনা। প্রয়োজনে আপনি কিভাবে বিকল্প অ্যাক্সেসযোগ্য পরিষেবা প্রদান করতে পারবেন সেটি বিবেচনা করুন। যে সমস্ত গ্রাহকদের অ্যাক্সেস অনুমোদন অর্জনের প্রয়োজন রয়েছে তাদের জন্য ড্রপ-অফ অবস্থানগুলি যতটা সম্ভব অ্যাক্সেসযোগ্য হওয়ার পরিকল্পনা করতে হবে।

## 8. আগমনের বিষয়ে নির্দেশিকা

- সাইট খোলার সময়
  - আর্লি বার্ড টিকিটের সম্পর্কিত এবং অ্যাক্সেসযোগ্য ক্যাম্পসাইটে অ্যাক্সেস পেতে ইচ্ছুক ব্যক্তিদের সম্পর্কিত যেকোনো কিছুসহ সমস্ত প্রাসঙ্গিক তথ্য প্রদান করুন
- সাইটে আগমন
  - আগমনের সময় গ্রাহকরা কী প্রত্যাশা করবেন তার বর্ণনা দিন - কে তাদের পরিচালনা করবেন, তাদের যদি কোনো প্রশ্ন থাকে তবে তারা কার কাছে যাবেন ইত্যাদি।
- রিস্টব্যান্ড সংগ্রহ
  - পার্কিং / ড্রপ-অফের অবস্থানের বর্ণনা দিন
  - রিস্টব্যান্ড সংগ্রহ করার জন্য গ্রাহকদের সাথে কী থাকার প্রয়োজন হবে তার বর্ণনা দিন

গ্রাহকরা আগমন বিষয়ে বিশেষভাবে উদ্বিগ্ন হতে পারেন, বিশেষত যদি তাদের অনুমোদন সংগ্রহ করতে হয়। প্রক্রিয়াটি আগে থেকে বর্ণনা করলে এগুলি দূর হয় এবং সরাসরি গ্রাহকের জিজ্ঞাসাবাদ কম হয়। যদি পেমেন্ট যুক্ত আপগ্রেড আর্লি বার্ড বিকল্প প্রদান করেন তবে এর মধ্যে অ্যাক্সেসযোগ্য ক্যাম্পিংয়ে ক্যাম্প করতে ইচ্ছুক যেকোনো ব্যক্তিকে অন্তর্ভুক্ত করতে হবে।

## 9. টয়লেট

- টয়লেট ব্লক / ক্যাম্পসাইট / দেখার প্ল্যাটফর্মে টয়লেট ব্যবস্থার বর্ণনা দিন (দেখার প্ল্যাটফর্মে না থাকলে, কাছাকাছি ইউনিটের দূরত্ব দিন)

আমরা ক্যাম্পসাইটের অ্যাক্সেসযোগ্য বিভাগে, যেকোনো পারিবারিক ক্যাম্পসাইটে, পারফরম্যান্স স্থানের কাছাকাছি প্রত্যেকটি টয়লেট ব্লকে, যেকোনো কেন্দ্রীয় প্রাথমিক চিকিৎসা / জনকল্যাণমূলক স্থানে একটি যেটি সব সময় পরিষ্কার রাখা হয় এবং যদি সম্ভব হয় দেখার প্ল্যাটফর্মে অ্যাক্সেসযোগ্য ইউনিটগুলি রাখার সুপারিশ করি। সমস্ত অভ্যন্তরীণ ফিটিংস মেঝে থেকে অনধিক 1 মিটার উচ্চতায় লাগাতে হবে। এটি সঠিক আছে সেটি নিশ্চিত করতে আমরা টয়লেট কোম্পানির সাথে আগাম যোগাযোগ করার সুপারিশ করি।

## 10. চিকিৎসা এবং জনকল্যাণমূলক পরিষেবা

- সাইটে পরিষেবার বর্ণনা দিন
- অ্যাক্সেসযোগ্য ক্যাম্পসাইট থেকে চিকিৎসা এবং জনকল্যাণমূলক পরিষেবাগুলির দূরত্বের বর্ণনা দিন
- ফ্রিজ স্টোরেজ নীতির বর্ণনা দিন
- লোকেদের যদি চিকিৎসা সংক্রান্ত প্রয়োজন বিষয়ে কোনো নির্দিষ্ট প্রশ্ন থাকে তাহলে তাদেরকে আপনার সাথে যোগাযোগের জন্য আমন্ত্রণ জানান

সাইটের কোথাও, আদর্শগতভাবে অ্যাক্সেসযোগ্য ক্যাম্পিংয়ের যতটা কাছাকাছি সম্ভব এবং ধাপ-মুক্ত এবং 24 ঘণ্টা-অ্যাক্সেসযোগ্য কাঠামোর মধ্যে লোকেদের ওষুধ মজুত করতে সক্ষম করে তোলার পরিকল্পনা করতে আমরা সুপারিশ করি।

## 11. পারফরম্যান্সে অ্যাক্সেস

- প্রদত্ত যেকোনো পরিষেবার বর্ণনা দিন - ইশারা ভাষা / ক্যাপশন / অডিও বিবরণ
- যদি প্রদান না করা হয় তবে জানিয়ে দিন যে বর্তমান সময়ে এটিই প্রকৃত ঘটনা।

পারফরম্যান্সে অ্যাক্সেসের সাথে যুক্ত থাকার অর্থ শ্রবণশক্তি বা দৃষ্টিশক্তি সংক্রান্ত প্রতিবন্ধকতাযুক্ত গ্রাহকরা আপনার উৎসব থেকে সর্বাধিক আনন্দ নিতে পারছেন।

## 12. সহায়ক কুকুর

- নীতির বর্ণনা দিন

নিশ্চিত হয়ে নিন যে সহায়ক কুকুর ব্যবহারকারী গ্রাহকদের আপনি জানিয়েছেন যে তারা যদি তাদের সহায়তা করার জন্য পশুদের উৎসবে আনতে চান তবে তাদের পশুদের স্বীকৃতি দেওয়া হবে।

## 13. স্ট্রোব আলো

- উৎসবের নীতির বর্ণনা দিন

আমরা সমস্ত উৎসব আয়োজককে স্ট্রোবহীন নীতি বাস্তবায়নের জন্য অনুরোধ করি, কেননা স্ট্রোবের উপস্থিতি, সতর্কতাসহ বা ছাড়াই, স্ট্রোব সম্পর্কিত খিঁচুনি প্রবণ ব্যক্তিদের জন্য উল্লেখযোগ্য ঝুঁকি তৈরি করে। কমপক্ষে, পূর্বে এবং সাইটে সতর্কতা প্রদান করা উচিত।

## 14. অন্যান্য তথ্য

- প্রাসঙ্গিক হতে পারে সাইটের এমন কোনো পরিষেবা বা সুবিধার বিষয়ে উল্লেখ করুন, উদাহরণস্বরূপ কোনো স্বস্তিদায়ক বা সংজ্ঞা ফেরানোর স্থান থাকা।

# পরবর্তী পর্যায়

## একটি দলীয় বৈঠক পূর্বনির্ধারিত করুন

- অ্যাক্সেস এবং আপনার উৎসবের বিষয়ে ভাবনা-চিন্তা করার জন্য কিছু নির্ধারিত সময়ের ব্যবস্থা করুন
- ওয়েবসাইট, গ্রাহক পরিষেবা এবং অন-সাইট প্রোডাকশনের জন্য মনোনীত ব্যক্তিদের অন্তর্ভুক্ত করুন
- আলোচনার আলোচ্যসূচি হিসাবে এই ডকুমেন্টটি ব্যবহার করুন

## আপনার ওয়েবসাইটে একটি নির্ধারিত অ্যাক্সেস তথ্য পৃষ্ঠা তৈরি করুন

- আমরা এই পৃষ্ঠাকে ‘অ্যাক্সেস তথ্য’ বলার পাশাপাশি একটি উপযুক্ত চিত্র রাখার পরামর্শ দিই যেমন আন্তর্জাতিকভাবে স্বীকৃত
- হুইলচেয়ার-ব্যবহারকারী প্রতীকের একটি সংস্করণ:
- দীর্ঘ প্রায়শই জিজ্ঞাস্য বিভাগের পরিবর্তে এটিকে একটি স্বয়ংসম্পূর্ণ ওয়েবপেজ করে তুলুন

অ্যাটিচুড ইজ এভরিথিং-এ যোগাযোগ করতে, আমাদেরকে ইমেইল করুন:

info@attitudeiseverything.org.uk

# অ্যাক্সেস স্টার্টস অনলাইন

attitude
is everything

ঠিকানা: 54 Chalton Street, London, NW1 1HS

ওয়েব: www.attitudeiseverything.org.uk

@attitudetweets

/attitudeiseverything

@attitudeiseverythinghq

ফোন: +44 020 7383 7979

রেজিস্টার কোম্পানি নং: 6397532 দাতব্য সংস্থা নং: 1121975